গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
এফ এন্ড এফ শাখা
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.erd.gov.bd

স্মারক নং- ০৯.০০.০০০০.০০০.১৮৮.২৫.০০০৫.২৫-**২৮৪**　　　　তারিখঃ ২৪ নভেম্বর ২০২৫ খ্রি.।

# সংশোধিত বিজ্ঞপ্তি

**বিষয়: পূর্ণ বা আংশিক বৃত্তি পেয়ে উচ্চতর ডিগ্রী (স্নাতক/স্নাতকোত্তর/পিএইচডি) অর্জনের লক্ষ্যে ০১ জুলাই ২০২৪ হতে ৩০ জুন ২০২৫ খ্রি. পর্যন্ত সময়ে বিদেশের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়া বাংলাদেশী শিক্ষার্থীদের অনুকূলে বাংলাদেশ-সুইডেন ট্রাস্ট ফান্ড (BSTF) হতে আংশিক ভ্রমণ মঞ্জুরি প্রদানের নিমিত্ত দরখাস্ত আহ্বান।**

বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান হতে পূর্ণ বা আংশিক বৃত্তি পেয়ে উচ্চতর ডিগ্রী (স্নাতক/স্নাতকোত্তর/পিএইচডি) অর্জনের লক্ষ্যে ০১ জুলাই ২০২৪ হতে ৩০ জুন ২০২৫ খ্রি. পর্যন্ত সময়ে ভর্তি হওয়া বাংলাদেশী শিক্ষার্থীদের অনুকূলে বাংলাদেশ-সুইডেন ট্রাস্ট ফান্ড (BSTF) হতে ভ্রমণ ব্যয়ের আংশিক এককালীন আর্থিক অনুদান হিসেবে প্রদানের লক্ষ্যে Online-এ দরখাস্ত আহবান করা যাচ্ছে।

০১। **আবেদনের শর্তাবলী:**

ক. বাংলাদেশী শিক্ষার্থী বিদেশের শিক্ষা প্রতিষ্ঠান হতে পূর্ণ বা আংশিক বৃত্তি পেয়ে উচ্চতর ডিগ্রী (স্নাতক/স্নাতকোত্তর/পিএইচডি) অর্জনের লক্ষ্যে ০১ জুলাই ২০২৪ হতে ৩০ জুন ২০২৫ খ্রি. পর্যন্ত সময়ে বিদেশের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হলে;

খ. এ ট্রাস্ট ফান্ডের আওতায় ইতোপূর্বে ভ্রমণ মঞ্জুরি প্রাপ্ত না হলে;

গ. বিদেশে উচ্চশিক্ষার জন্য আবেদনকারী দেশী বা বিদেশী অন্য কোন উৎস থেকে ভ্রমণ মঞ্জুরি/এয়ার টিকেট প্রাপ্ত না হলে;

ঘ. প্রার্থীর এয়ার টিকেট (শুধুমাত্র ভারতে ভর্তি হওয়ার ক্ষেত্রে বাস/ট্রেন টিকেট) এবং ভ্রমণ ব্যয়ের রশিদ থাকলে ;

ঙ. ভ্রমণ মঞ্জুরির অর্থ উত্তোলনের জন্য অবশ্যই বাংলাদেশী রাষ্ট্রায়ত্ব/বাণিজ্যিক ব্যাংকে (Online এর আওতাভূক্ত) একাউন্ট থাকতে হবে। এ ক্ষেত্রে প্রার্থীর নিজস্ব/বাবা/মা/ভাই/বোন/Spouse এর ব্যাংক একাউন্ট ব্যবহার করা যাবে। ব্যাংক একাউন্ট সংক্রান্ত তথ্য সংশোধন/পরিবর্তনের সুযোগ থাকবে না;

চ. একই প্রার্থী একাধিকবার আবেদন করলে তা বাতিল বলে গণ্য হবে;

ছ. আবেদনের হার্ড কপি প্রেরণ করার প্রয়োজন নেই।

০২। অর্থনৈতিক সম্পর্ক বিভাগের https://bstf.erd.gov.bd এই URL ব্যবহার করে আবেদন করতে হবে। আবেদন করার ক্ষেত্রে আবেদনকারীর নিজস্ব ই-মেইল ব্যবহার করা বাধ্যতামূলক।

০৩। দাখিলকৃত তথ্যের অসম্পূর্ণতা, ত্রুটি কিংবা অসঙ্গতির জন্য কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৪। **আবেদন গ্রহণের সময়সীমা আগামী ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত বৃদ্ধি করার কারণে ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখ বাংলাদেশ সময় রাত ১১.৫৯ মিনিট পর্যন্ত আবেদন করা যাবে।**

২৪/১১/২০২৫
(মোঃ মামুন হোসেন)
সহকারী সচিব
ফোনঃ ৪৮১১৭৬৩৫
E-mail: fnf@erd.gov.bd